


রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পরিসংখ্যান দিবস
তথ্য ছাড়া পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন সম্ভব নয় : পরিসংখ্যান মন্ত্রী



তথ্য সংগ্রহ ও সম্বলিত করার ক্ষেত্রে অর্থ ও পরিসংখ্যান দপ্তরের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তথ্য ছাড়া পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন সম্ভব নয়। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নং হলে আধুনিক পরিসংখ্যানের জনক অধ্যাপক প্রশান্ত চন্দ্র মহলানবীশের জন্মজয়ন্তীতে পরিসংখ্যান দিবসের উদ্বোধন করে পরিসংখ্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে পরিসংখ্যান মন্ত্রী আরও বলেন, পরিসংখ্যান দপ্তরকে আধুনিকীকরণ করার উদ্যোগ নেওয়া হয়েছে। দপ্তরের নতুন ভবন নির্মাণ করা হচ্ছে। বর্তমানে রাজ্যের ৪ জেলায় পরিসংখ্যান দপ্তরের অফিস রয়েছে। অন্যান্য জেলাতেও পরিসংখ্যান দপ্তরের অফিস চালু করা হবে। তিনি বলেন, দেশের বরণ্য বিজ্ঞানী ও পদবিভূষণপ্রাপ্ত অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবীশের দূরদৃষ্টি সম্পন্ন পরিকল্পনা পস্থা দেশ আজও শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। এবছর পরিসংখ্যান দিবসের মূল ভাবনা হল ‘ইউজ অব ডাটা ফর ডিসিশন মেকিং’।

পরিসংখ্যান দিবস উদযাপন উপলক্ষে এদিন রক্তদান শিবিরেরও আয়োজন করা হয়। পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা রক্তদাতাদের উৎসাহিত করেন। রক্তদান শিবিরে দপ্তরের ৩৪ জন আধিকারিক ও কর্মচারি রক্তদান করেন। অনুষ্ঠানে অর্থ ও পরিসংখ্যান দপ্তরের বিশেষ সচিব অভিষেক চন্দ্রা পাওয়ারপয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে পরিসংখ্যান দপ্তরের বিভিন্ন কর্মসূচির তথ্য তুলে ধরেন। অনুষ্ঠানে সেন্সাস অধিকর্তা রবীন্দ্র রিয়াং জনগণনার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন। এছাড়া বক্তব্য রাখেন অর্থ ও পরিসংখ্যান দপ্তরের অতিরিক্ত অধিকর্তা অরুণ কুমার চন্দা। ধন্যবাদ জ্ঞাপন করেন অর্থ ও পরিসংখ্যান দপ্তরের অধিকর্তা দেবানন্দ রিয়াং।

অনুষ্ঠানে পরিসংখ্যান মন্ত্রী বিকাশ দেববর্মা দপ্তরের ‘এনএসএস রিপোর্ট বুক, ডেবট এন্ড ইনভেস্টমেন্ট এবং এনএসএস রিপোর্ট বুক, হাউসহোল্ড সোশ্যাল কনজামশন অন হেলথ ইন ত্রিপুরা’ শীর্ষক বই দুটির আবরণ উন্মোচন করেন। অনুষ্ঠান শুরুর আগে অতিথিগণ অধ্যাপক প্রশান্ত চন্দ্র মহলানবীশের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন।